

(একই তারিখ ও স্মারকে প্রতিষ্ঠাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়

লাইফ ভিউ-ফুলকুটির, মীম শরৎ এ্যাপার্টমেন্ট(৫ম

তলা)

৭৪ বঙ্গবন্ধু রোড, উকিলপাড়া, নারায়ণগঞ্জ-১৪০০।

www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.৬৭০০.০০০.৫৫.০০৩.২১.৭১৬

তারিখ: ১৩ পৌষ ১৪২৮

২৮ ডিসেম্বর ২০২১

দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলাধীন নারায়ণগঞ্জ সিএসডি ক্যাম্পাসে নির্মাণাধীন আধুনিক স্টিল সাইলো নির্মাণের জন্য অনুমোদিত নকশা এরিয়ায় বিদ্যমান ছোট-বড় ১৩৬টি বিভিন্ন প্রজাতির গাছ যেখানে যে অবস্থায় রয়েছে তা দরপত্রের মাধ্যমে বিক্রির লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

০১	মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর	খাদ্য মন্ত্রণালয়/খাদ্য অধিদপ্তর
০২	এজেন্সী	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
০৩	বিক্রয় কার্যালয়ের নাম	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
০৪	বিক্রয় কার্যালয়ের জেলা	নারায়ণগঞ্জ।
০৫	যে পণ্যের জন্য দরপত্র	নারায়ণগঞ্জ সিএসডি'র বিভিন্ন প্রজাতির ছোট-বড় ১৩৬টি গাছ।
০৬	দরপত্রের স্মারক নং	১৩.০১.৬৭০০.০০০.৫৫.০০৩.২১.৭১৬
০৭	তারিখ	২৮.১২.২০২১ খ্রি।
০৮	বিক্রয় পদ্ধতি	পিপিআর, ২০০৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্রের মাধ্যমে বিক্রয়।
০৯	দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ	১৩.০১.২০২২ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
১০	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	১৭.০১.২০২২ তারিখ বেলা ১.০০ ঘটিকায় পর্যন্ত।
১১	দরপত্র খোলার তারিখ ও সময়	১৭.০১.২০২২ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় আগ্রহী দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।
১২	দরপত্র বিক্রয়কারী	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
১৩	দরপত্র গ্রহণের স্থান	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
১৪	দরপত্র খোলার স্থান	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
১৫	দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের যোগ্যতা	প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠান এর হালনাগাদ আয়কর পরিশোধ সংক্রান্ত সনদ, ট্রেড লাইসেন্স এবং ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র। তাছাড়া দরপত্র সিডিউলের শর্তাবলী অনুযায়ী অন্যান্য যোগ্যতা।
১৬	দরপত্র সিডিউলের মূল্য (অফেরত যোগ্য)	৬০০/- (ছয়শত) টাকা।
১৭	দরপত্র জামানত	জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উদ্ধৃত দরের ৫% হারে দরপত্র জামানত (ফেরতযোগ্য) জমা দিতে হবে।
১৮	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম	মোঃ হুমায়ুন কবির
১৯	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার পদবি	জেলা খাদ্য নিয়ন্ত্রক(অ.দা.)
২০	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার ঠিকানা	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
২১	যোগাযোগ নম্বর	০২-৭৬৩৪৬৫২
২২	বিক্রয় কার্যালয় যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।	

শর্তাবলীঃ

- ১। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে নারায়ণগঞ্জ সিএসডিতে কর্তনকৃত গাছসমূহ সরেজমিনে প্রত্যক্ষ করতে পারবেন।
- ২। দরদাতাগণকে গাছের মূল্য এবং জালানী কাঠের মূল্য পৃথক পৃথকভাবে একক দরসহ মোট মূল্য উল্লেখ করতে হবে।
- ৩। দরপত্র দাতাকে দরপত্রের সাথে পাসপোর্ট সাইজের ০১(এক) কপি রঙিণ ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স এর কপি দাখিল করতে হবে। বর্ণিত কাগজপত্র প্রথম শ্রেণি গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে (সত্যায়ন কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে)। তবে চাহিবা মাত্র মূল কপি প্রদর্শন করতে হবে।
- ৪। দরপত্রদাতা কর্তৃক দরপত্র পূরণ করে প্রত্যেক পাতায় স্ব-হস্তে স্বাক্ষর করতে হবে। খামের ডানপার্শে জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ এবং বাম পার্শ্বে দরপত্র দাতার পূর্ণ নাম ঠিকানা উল্লেখ করত হবে।
- ৫। দরপত্রে কোন প্রকার ঘষামাজা, কাঁটাকাটি, ফ্লাইড, উপরিলিখন, দুর্বেধ্য কিংবা দরপত্র আংশিক পূরণ কিংবা ভুল থাকলে দরপত্র বাতিল হলে গণ্য হবে।
- ৬। দরপত্রে একক দর ও মোট মূল্যের মধ্যে পার্থক্য পরিলক্ষিত হলে সে ক্ষেত্রে সর্বোচ্চ দর (একক দর কিংবা মোট মূল্য) গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
- ৭। অকৃতকার্য দরদাতার জামানত দরপত্রের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পর ফেরত দেয়া হবে এবং কৃতকার্য দর দাতার আর্নেস্ট মানি সমুদয় মালামাল ডেলিভারি নেওয়ার পর ফেরত দেয়া হবে।
- ৮। কৃতকার্য দরপত্র দাতাকে কার্যাদেশ প্রদানের ১৫(পনের) দিনের মধ্যে দরপত্রে উল্লেখিত মোট মূল্যসহ সরকার নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর পৃথক পৃথক ট্রেজারি চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লিঃ, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা/মদনগঞ্জ শাখা/বন্দর শাখায় জমা প্রদান করে চালানের মূল কপি জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ কর্তৃক নির্ধারিত উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বন্দর, নারায়ণগঞ্জ দপ্তরে জমা প্রদান করে বিলি আদেশ (ডি.ও) গ্রহণপূর্বক নারায়ণগঞ্জ সিএসডি হতে মালামাল সরবরাহ নিতে হবে। মেয়াদ বৃক্ষের সম্পূর্ণ বিজ্ঞপ্তি দাতা কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত। এতদসংক্রান্ত কৃতকার্য দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ৯। শর্ত নং-৮ এর ব্যত্যয় ঘটলে বায়নার অর্থ কিংবা জমাকৃত মূল্য কিংবা উভয় অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ১০। বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিত যে কোন দরপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৮-১২-২০২১

মো: হমায়ুন কবির

জেলা খাদ্য নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ১৩.০১.৬৭০০.০০০.৫৫.০০৩.২১.৯১৬/১(১৩)

তারিখ: ১৩ পৌষ ১৪২৮

২৮ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক(গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক.....(সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।

- ৫) জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশসহ আগামী ১৩.০১.২০২২ তারিখ পর্যন্ত প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৭) উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
- ৮) ব্যবস্থাপক, নারায়ণগঞ্জ সিএসডি, নারায়ণগঞ্জ।
- ৯) প্রকল্প সমন্বয়ক, নারায়ণগঞ্জ স্টিল সাইলো, নারায়ণগঞ্জ।
- ১০) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ১১) সহকারী বন সংরক্ষক, সামাজিক বন বিভাগ, নারায়ণগঞ্জ।
- ১২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, মুড়াপাড়া/সোনারগাঁ/গোপালদী এলএসডি, নারায়ণগঞ্জ।
- ১৩) নোটিশ বোর্ড, অত্র দপ্তর।



২৮-১২-২০২১

মো: হুমায়ুন কবির
জেলা খাদ্য নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)